# নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি

## খুলনা সিটি কর্পোরেশন

## খুলনা।

স্মারক নং- তারিখঃ

গত ২৪/০৩/২০২৪খ্রিঃ তারিখ রবিবার বেলা ১২:০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের GIZ সম্মেলন কক্ষে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৯ জনাব এম ডি মাহফুজুর রহমান এর সভাপতিত্বে ১ম সভা অনুষ্ঠিত হয়।

সভার কার্য বিবরণী :

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৪/০৩/২০২২খ্রিঃ রবিবার, বেলা ১২:০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | খুলনা সিটি কর্পোরেশনের GIZ সম্মেলন কক্ষ। |
| সভাপতি | ঃ | জনাব এম ডি মাহফুজুর রহমান, সভাপতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং- ০৯, খুলনা সিটি কর্পোরেশন। |

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও তালিকা সংযুক্ত করা হলোঃ

১) জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, সদস্য ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৭, খুলনা সিটি কর্পোরেশন।
২) জনাব রোজী ইসলাম, সদস্য ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৬, খুলনা সিটি কর্পোরেশন।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
২। চীফ প্ল্যানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩। স্থপতি, খুলনা সিটি কর্পোরেশন।
৪। সহকারী নগর পরিকল্পনাবিদ, খুলনা সিটি কর্পোরেশন।
৫। উপ সহকারী প্রকৌশলী (প্ল্যানিং), খুলনা সিটি কর্পোরেশন।
৬। লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৭। প্রতিনিধি, রেঞ্জার এ্যাডভার্টাইজাস।
৮। সহকারী, পূর্ত বিভাগ, খুলনা সিটি কর্পোরেশন।

সভার আলোচ্য সূচি ঃ

১। যশোর রোডের ফেরিঘাট থেকে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তার আইল্যান্ডে সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ফুলের গাছ রোপন সংক্রান্ত আলোচনা।

২। ট্যাক্স প্রদান স্বাপেক্ষে মুজগুন্নী মহাসড়কে (সোনাডাঙ্গা মোড় হইতে বয়রা বাজার মোড়) পর্যন্ত সড়কের মিড আইল্যান্ড বিউটিফিকেশন ও বিজ্ঞাপন প্রচারের অনুমতি সংক্রান্ত আলোচনা।

৩। পার্ক ও সৌন্দর্যবর্ধন এলাকার জন্য মালি নিয়োগ সংক্রান্ত আলোচনা।

৪। বিবিধ।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সুপারিশ |
|---|---|---|---|
| ০১ | খুলনা শিল্প ও বনিক সমিতি কর্তৃক যশোর রোডের ফেরিঘাট থেকে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তার আইল্যান্ডে সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে | সভার শুরুতে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান এবং প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব আবির উল জব্বার'কে আলোচনা শুরু করার অনুরোধ জানান। সভায় উত্থাপিত আলোচ্য সূচির মধ্যে যশোর রোডের ফেরিঘাট থেকে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তার আইল্যান্ডে সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ফুলের গাছ রোপন সংক্রান্ত বিষয়ে আলোচনা করার অনুরোধ জানান। আলোচনার শুরুতে প্রধান পরিকল্পনা কর্মকর্তা, কেসিসি সবাইকে সালাম ও | ১.১। বন্ধু মিডিয়ার নামক প্রতিষ্ঠানে বিজ্ঞাপন করের বকেয়ার পরিমাণ কত এবং কেন এই বকেয়া আদায় হয়নি তা লাইসেন্স (যানবাহন শাখা) লিখিত আকারে পরবর্তী সভায় ব্যাখ্যা দাখিল করবেন মর্মে সুপারিশ গৃহীত হয়। ১.২। খুলনা শিল্প ও বনিক সমিতি'র |

OK



৩/৫/২৪

| | | | |
|---|---|---|---|
| | বিভিন্ন প্রজাতির ফুলের গাছ রোপন সংক্রান্ত আলোচনা। | স্বাগত জানান এবং বিগত পরিষদের শেষ সভার সিদ্ধান্ত গুলো পড়ে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, চেম্বার অব কমার্স এর পক্ষ থেকে মাননীয় মেয়র মহোদয় বরাবর যশোর রোডের ফেরিঘাট থেকে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তার আইল্যান্ডে সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ফুলের গাছ রোপনের উদ্দেশ্যে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে জনাব রবিউল ইসলাম, লাইসেন্স অফিসার (যানবাহন), কেসিসি জানান যে, বন্ধু মিডিয়া নামক প্রতিষ্ঠানকে এই মিডআইল্যান্ডের সৌন্দর্যবর্ধনের জন্য বরাদ্দ প্রদান করা হয় যার মেয়াদ জুন ২০২৭ পর্যন্ত দেওয়া আছে। তিনি আরও বলেন উক্ত প্রতিষ্ঠানের কাছে কেসিসি'র ধার্যকৃত বিজ্ঞাপন করও বকেয়া আছে।<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা বলেন, কেসিসি কর্তৃক মিড আইল্যান্ড সৌন্দর্যবর্ধনের জন্য যে প্রতিষ্ঠানকে বরাদ্দ দেওয়া হয় উক্ত প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানকে একই জায়গায় কাজ করতে দিলে জটিলতার সৃষ্টি হয়। তবুও যেহেতু খুলনা শিল্প ও বনিক সমিতি গাছ লাগানোর উদ্দ্যেগ গ্রহন করেছে সেক্ষেত্রে শহরের মধ্যে এই মিড আইল্যান্ডে গাছ লাগনোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে।<br>প্রধান প্রকৌশলী, কেসিসি বলেন যে, বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে সাধারণ সভায় উপস্থাপন করা যেতে পারে। | আবেদনের প্রেক্ষিতে মিড আইল্যান্ডের ফাকা জায়গায় মৌসুমী গাছ রোপণ করবে মর্মে সুপারিশ করা হয়। তবে উক্ত মিড আইল্যান্ডে বন্ধু মিডিয়া নামক প্রতিষ্ঠানের যে সকল স্থাপনা থাকবে সেটা সেভাবে রেখেই গাছ লাগাতে হবে।<br>এই আইল্যান্ডে অন্য কোন প্রতিষ্ঠানের কোন প্রকার ফলক স্থাপন করা যাবে না মর্মে সুপারিশ করা হয়। |
| ০২ | ট্যাক্স প্রদান সাপেক্ষে মুজগুন্নী মহা সড়কের (সোনাডাঙ্গা মোড় হইতে বয়রা বাজার মোড় পর্যন্ত) মড আইল্যান্ড বিউটিফিকেশন ও বিজ্ঞাপন প্রচারের অনুমতি সংক্রান্ত আলোচনা | প্রধান পরিকল্পনা কর্মকর্তা, কেসিসি এ বিষয়ে রেঞ্জার এ্যাডভার্টাইজার্স এর প্রতিনিধিকে বলেন যে, সোনাডাঙ্গা মোড় হইতে বয়রা বাজার মোড় পর্যন্ত সড়কের মিড আইল্যান্ড বিউটিফিকেশন ও বিজ্ঞাপন প্রচারের জন্য 3D ডিজাইন, স্ট্রাকচারের ধরণ, বিউটিফিকেশনের ধরণ ইত্যাদি কেসিসি বরাবর দাখিল করতে হবে।<br>জনাব রোজী ইসলাম, সদস্য ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৬, কেসিসি বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।<br>জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী, কেসিসি বলেন যে, রেঞ্জার এ্যাডভার্টাইজার্স নামক প্রতিষ্ঠানটির এ বিষয়ে পূর্ব অভিজ্ঞতা, পরিকল্পনা, বিনিয়োগ এ সকল বিষয় সর্ম্পকে একটি তথ্য কেসিসি বরাবর উপস্থাপন করতে হবে।<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা, কেসিসি আরও উল্লেখ করেন যে, সোনাডাঙ্গা মোড় হইতে বয়রা বাজার মোড় পর্যন্ত সড়কের মিড আইল্যান্ড বিউটিফিকেশন ও বিজ্ঞাপন প্রচারের জন্য পূর্বে বরাদ্দ দেয়া ফরনেক্স এ্যাড ফার্মের রেখে যাওয়া সম্পত্তির বিষয়ে সিদ্ধান্ত নেয়ার লক্ষ্যে ফরনেক্স এ্যাড ফার্ম বরাবর চিঠি দিয়ে অবহিত করার বিষয়টি উল্লেখ করেন। জনাব এম ডি মাহফুজুর রহমান, সভাপতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং- ০৯, কেসিসি এ বিষয়ে বলেন যে, একটি কমিটি গঠনের মাধ্যমে ফরনেক্স এ্যাড ফার্মের রেখে যাওয়া সম্পত্তির সরেজমিনে পরিদর্শন এবং একটি প্রতিবেদন দাখিল করা যেতে পারে। | ২.১। আগামী অর্থবছর জুলাই ২০২৪ থেকে জুন ২০২৯ মেয়াদে ৫ বছরের জন্য কেসিসি'র প্রচলিত শর্তে বরাদ্দ দেয়ার সুপারিশ করা হয়।<br>২.২। ফরনেক্স এ্যাড ফার্মের যে সকল সম্পত্তি মিড আইল্যান্ডে বিদ্যমান তার পরিমান ও মূল্য নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটির সুপারিশ করা হয়:<br>• সভাপতি, নগর পরিকল্পনা ও স্থায়ী কমিটি- সভাপতি<br>• জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭, - সদস্য<br>• জনাব রোজী ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, - সদস্য<br>• সহকারী স্টেট অফিসার,- সদস্য<br>• উপ সহকারী প্রকৌশলী (প্লানিং), - সদস্য<br>• লাইসেন্স অফিসার (যানবাহন), - সদস্য<br>• সিনিয়র লাইসেন্স অফিসার, - সদস্য সচিব |
| ০৩ | পার্ক ও সৌন্দর্যবর্ধন এলাকার জন্য মালি নিয়োগ সংক্রান্ত আলোচনা | জনাব রেজবিনা খানম, স্থপতি এ বিষয়ে জানান যে, শহরকে দৃষ্টিনন্দন ও পরিচ্ছন্ন রাখার জন্য পর্যাপ্ত মালি ও শ্রমিক নেই। সভাপতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি, কেসিসি বলেন যে, পার্ক ও সৌন্দর্যবর্ধন এলাকার জন্য সর্বমোট ৪০ জন মালি ও শ্রমিক এবং এদের সুপারভিশনের জন্য ৪ জন সুপারভাইজার (ক ও খ অঞ্চল) নিয়োগ দেয়া যেতে পারে। এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | ৩। পার্ক, মিড আইল্যাণ্ড, ফুটপাতে সৌন্দর্যবর্ধনকল্পে নিম্নলিখিত মালি ও শ্রমিক আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদানে সুপারিশ গৃহীত হয়:<br>হাদিস পার্ক-৫ জন<br>সোলার পার্ক-৪ জন<br>নিরালা পার্ক-২ জন<br>জাতিসংঘ পার্ক-২ জন<br>সোনাডাঙ্গা আ/এ পার্ক-২ জন |

| | | | |
|---|---|---|---|
| | | | খালিশপুর হাউজিং পার্ক-২ জন<br>মিড আইল্যাণ্ড-৬ জন<br>পরিচ্ছন্নতাকর্মী-১৭ জন<br>সুপারভাইজার-৪ জন<br>সর্বমোট ৪৪ জন |
| ০৪ | বিবিধ<br>এলইডি ডিসপ্লে এর উপর বিজ্ঞাপন কর সংক্রান্ত আলোচনা | জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, সদস্য ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৭, কেসিসি বলেন যে, এলইডি ডিসপ্লে এর উপর বিজ্ঞাপন কর হ্রাস করা যেতে পারে কারণ এলইডি ডিসপ্লে স্থাপনে সাধারণ জনগণের সহজে বোধগম্য এবং দৃষ্টিনন্দন হয়। | ৪.১। এলইডি ডিসপ্লে এর উপর বিজ্ঞাপন কর হ্রাস করা যাবে কিনা এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে কেসিসির লাইসেন্স(যানবাহন) শাখা পরবর্তী সভায় উপস্থাপন করবে মর্মে সুপারিশ গৃহীত হয়। |
| | শৈল্পিক শৈশব এর ডিজিটাল সাইনবোর্ড স্থাপনের অনুমতি সংক্রান্ত আলোচনা | প্রধান পরিকল্পনা কর্মকর্তা, কেসিসি উল্লেখ করেন যে, শৈল্পিক শৈশব এর ডিজিটাল সাইনবোর্ড স্থাপনের অনুমতি দেয়া যেতে পারে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত হন। | ৪.২। শৈল্পিক শৈশব এর ডিজিটাল সাইনবোর্ড স্থাপনের অনুমতি দেয়ার ব্যাপারে সুপারিশ করা হয়। |
| | বিলবোর্ড অ্যাসোসিয়েশনের সাথে সভা বিষয়ক আলোচনা | জনাব এম ডি মাহফুজুর রহমান, সভাপতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং- ০৯, কেসিসি এ বিষয়ে বলেন যে, বিলবোর্ড অ্যাসোসিয়েশনের সাথে সভা করে বকেয়া বিল পরিশোধ করার বিষয়ে তাগিদ দেয়া যেতে পারে। | ৪.৩। বকেয়া বিজ্ঞাপন কর আদায়ের লক্ষ্যে কেসিসির লাইসেন্স (যানবাহন) শাখা ও বিলবোর্ড অ্যাসোসিয়েশনের সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

জনাব এম ডি মাহফুজুর রহমান
সভাপতি
নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৯
খুলনা সিটি কর্পোরেশন

অনুলিপি:

১। সকল সদস্য, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি, খুলনা সিটি কর্পোরেশন

২। এপিএস টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন

৩। সংশ্লিষ্ঠ নথি।